এস এস সি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

# বিষয় : ইসলাম ও নৈতিক শিক্ষা (সৃজনশীল)

বিষয় কোড : | ১ | ১ | ১ |

সময় : ২ ঘণ্টা ১০ মিনিট — পূর্ণমান : ৬০

**যে কোন ৬টি প্রশ্নের উত্তর দাও:**

**প্রশ্নের উদ্দীপক পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও:**

১। শিক্ষক ক্লাসে আখিরাত সম্পর্কে আলোচনা করতে গিয়ে বলেন, আখিরাত অনন্ত কালের জীবন। এ জীবনের শুরু আছে কিন্তু শেষ নেই। এটি মানুষের চিরস্থায়ী আবাস। আখিরাতে মানুষের দুনিয়ার কাজ কর্মের হিসাব নেওয়া হবে। অতঃপর ভালো কাজের পুরস্কার স্বরূপ জান্নাত এবং মন্দ কাজের জন্য জাহান্নামের শাস্তি দেওয়া হবে।

ক) مَزْرَعَةٌ (মায্‌রাআতুন) শব্দের অর্থ কী? ১

খ) শাফাআত কাকে বলে? ২

গ) কবরে প্রশ্নোত্তর পর্ব কিভাবে সম্পন্ন হবে? ৩

ঘ) "জান্নাত চির সুখের স্থান"– কুরআন ও হাদিসের আলোকে বিশ্লেষণ কর। ৪

২। আশিক দলগত কাজে অংশ নিয়ে জানতে পারল, সূরা আদ্‌দুহা মাক্কী। এটি মহাগ্রন্থ আলকুরআনের ৯৩ তম সূরা। এর আয়াত সংখ্যা ১১। একটি বিশেষ ঘটনাকে কেন্দ্র করে এই সূরাটি অবতীর্ণ হয়েছে।

ক) اَلسَّائِلُ (আস্‌-সায়িলু) অর্থ কী? ১

খ) শানে নুযুল কাকে বলে? এটি জানার উপকারিতা কী? ২

গ) কোন ঘটনার প্রেক্ষিতে সূরা আদ্‌-দুহা অবতীর্ণ হয়? ৩

ঘ) সূরা আদ-দুহার শিক্ষা বিশ্লেষণ কর। ৪

৩। মাওলানা সিব্বির আহমাদ জুমার খুতবায় হালাল-হারাম সম্পর্কে আলোচনা করতে গিয়ে বলেন, পার্থিব জীবন মানুষের জন্য পরীক্ষাগার। মহান আল্লাহপাক মানুষের জন্যই বিশ্বজগতের সবকিছু সৃষ্টি করেছেন। এসবের মাধ্যমে তিনি মানুষকে পরীক্ষা করতে চান। তাই তিনি তাঁর সৃষ্ট বস্তুর কিছু কিছু হালাল আর কিছু কিছু বস্তুকে হারাম ঘোষণা দিয়েছেন।

ক) মুবাহ শব্দের অর্থ কী? ১

খ) হালাল বলতে কী বোঝ? ২

গ) ৬ টি হারাম বিষয় ও দ্রব্যের তালিকা পেশ কর। ৩

ঘ) মানব জীবনে হালালের প্রভাব বিশ্লেষণ কর। ৪

Teachingbd.com

৪। মাহমুদ সাহেব একজন অল্পবয়সী কলেজ শিক্ষক। তিনি সততা ও নিষ্ঠার সাথে অধ্যাপনা করেন। অনেক চেষ্টা- সাধনা করে তিনি এবছর পবিত্র হজ্জ পালনের জন্য মক্কাশরীফ গমন করেন। সুষ্ঠু ও যথাযথভাবে হজ্জ পালনের জন্য তিনি বিভিন্ন ব্যক্তির কাছ থেকে শুনে ও বই পড়ে হজ্জের নিয়ম কানুন হৃদয়ঙ্গম করেছেন।

ক)  শব্দের অর্থ কী? ১

খ) হজ্জের ফরয সমূহ লেখ। ২

গ) হজ্জের ৬ টি ওয়াজিব উল্লেখ কর। ৩

ঘ) হজ্জের শিক্ষা ও তাৎপর্য ব্যক্ত কর। ৪

৫। জসিম দশম শ্রেণির ছাত্র। সে ইসলাম ও নৈতিক শিক্ষা বই থেকে জানতে পারল, যিনি আমাদের শিক্ষা দেন তিনি শিক্ষক। বিশ্বে সবচাইতে সম্মান ও মর্যাদার পেশা হলো শিক্ষকতা। আমাদের প্রিয় নবি (সঃ) নিজেকে শিক্ষক পরিচয় দিয়ে বলেছেন "আমাকে শিক্ষক হিসেবেই প্রেরণ করা হয়েছে।" তাই জসিম সিদ্ধান্ত নিল ভবিষ্যতে সেও একজন আদর্শ শিক্ষক হবে।

ক) শিক্ষকের আরবি প্রতিশব্দ কী? ১

খ) ইল্ম বলতে কী বোঝ? ২

গ) গ্রহণীয় জ্ঞান ও বর্জনীয় জ্ঞান ব্যাখ্যা কর। ৩

ঘ) জসিম আদর্শ শিক্ষক হতে চাইলে কী কী গুণের অধিকারী হতে হবে? উপস্থাপন কর। ৪

Teachingbd.com

৬। মধ্যপ্রাচ্যের আরবদেশ সিরিয়া গৃহযুদ্ধে বিধ্বস্ত। লক্ষ-লক্ষ মানুষ বিভিন্ন দেশে উদ্বাস্তুর জীবন যাপনে বাধ্য হচ্ছে। এদেরই একজন শিশু আয়নাল কুর্দি। পিতামাতার সাথে সাগর পাড়ি দিতে গিয়ে নৌকা ডুবে তার মৃত্যু হয়। কয়েক দিন পর সাগর তীরে তার মৃতদেহ ভেসে আসে। এ ছবি প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় প্রকাশ হলে বিশ্ব বিবেক জাগ্রত হয়। বিশ্বের বিভিন্ন দেশ এসকল শরণার্থীদের আশ্রয় দিতে এগিয়ে আসে।

ক) ভ্রাতৃত্ব বোধের আরবি প্রতিশব্দ কী? ১

খ) ভ্রাতৃত্ব বোধ বলতে কী বোঝ? ২

গ) সিরিয় শরণার্থীদের সাহায্যে অমুসলিম দেশ সমূহের এগিয়ে আসায় কোন ধরনের ভ্রাতৃত্ব প্রকাশ পেল। ব্যাখ্যা কর। ৩

ঘ) এক্ষেত্রে মুসলিম দেশ সমূহের করণীয় কুরআন ও হাদিসের আলোকে নিরূপণ কর। ৪

http://teachingbd.com

৭। আরিফ একজন দোকানদার। দোকানদারির পাশাপাশি সে বিভিন্ন গরিব মানুষকে কম টাকা ধার দিয়ে বেশি টাকা গ্রহণ করে। যা অনেকের পক্ষে পরিশোধ করা সম্ভব হয় না। তার স্ত্রী হাবীবা ইউপি মেম্বার। সে গ্রাম্য সালিশে টাকার বিনিময়ে বিচার করে। ফলে অনেকে আর্থিক ও সামাজিক ক্ষতির সম্মুখীন হয়।

ক) সুদের আরবি প্রতিশব্দ কী? ১

খ) ঘুষ কাকে বলে? ২

গ) ঘুষ দেওয়া-নেয়া থেকে কীভাবে বিরত থাকা যায়? ৩

ঘ) ইসলামের আলোকে সুদ-ঘুষের বিধান বিশ্লেষণ কর। ৪

৮। আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে আসিফ আতিককে শারীরিক ও মানসিক নির্যাতন করে। কিছুদিন পর আতিক প্রতিশোধ নেয়ার সুবর্ণ সুযোগ পেয়েও এ থেকে বিরত থাকে। এ ধরনের উদারতা দেখে আসিফের মধ্যে বেশ পরিবর্তন আসে। সে প্রতিজ্ঞা করে যে, কাউকে নির্যাতন করবেনা। সকলের সাথে সৌহার্দ্য বজায় রেখে চলবে।

ক) মদিনা সনদের ধারা কয়টি? ১

খ) রাসুলের জীবনাদর্শ অনুকরণীয় কেন? ২

গ) আতিকের আচরণে মহানবি (সঃ) এর কোন গুরুত্বপূর্ণ আদর্শ ফুটে উঠেছে? ব্যাখ্যা কর। ৩

ঘ) মানবতার কল্যাণে মহানবি (সঃ) এর বিদায় হজের ভাষণ মূল্যায়ন কর। ৪

৯। জনাব আব্দুল মালেক একজন দায়িত্ব সচেতন ইউপি চেয়ারম্যান। বিভিন্ন সরকারি সাহায্য যথাযথভাবে বিতরণের জন্য গভীর রাতে ঘুরে ঘুরে অনুসন্ধানের মাধ্যমে তালিকা তৈরি করেন। এছাড়া সালিসিবি বচারে আপন পর না ভেবে ন্যায় বিচারের চেষ্টা করেন। পাশাপাশি মহান আল্লাহর আদেশ-নিষেধ মেনে চলেন।

ক) ইসলামের প্রথম খলিফার নাম কী? ১

খ) ন্যায় বিচার বলতে কী বোঝ? ২

গ) চেয়ারম্যান সাহেব কোন্ খলিফার আদর্শে অনুপ্রাণিত হয়ে দায়িত্ব পালনের চেষ্টা করেন? ব্যাখ্যা কর। ৩

ঘ) আব্দুল মালেক সাহেব একজন দায়িত্বশীল চেয়ারম্যান– উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

Teachingbd.com

## এস এস সি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

### নির্বাচনি পরীক্ষা-২০১৫

বিষয় : ইসলাম ও নৈতিক শিক্ষা (বহুনির্বাচনি)

বিষয় কোড: ১১১

সময় : ৪০ মিনিট

পূর্ণমান-৪০

**বিশেষ দ্রষ্টব্য :** সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১।

১। শারীরিক সামর্থ থাকার পরও হাসান সাহেব রমজানের রোযা রাখতে অস্বীকার করেন। তার কাজটি কীরূপ?

ক) শিরক খ) কুফর
গ) নিফাক ঘ) জুলুম

**নিচের উদ্দীপকটি পড় এবং ২ ও ৩ নং প্রশ্নের উত্তর দাও:**

জনৈক সাংবাদিক তার পত্রিকায় সত্য ও ন্যায়ের পক্ষে এবং অসত্য ও অন্যায়ের বিরুদ্ধে লিখে মানুষকে সঠিক পথে আনার চেষ্টা করছেন।

২। সাংবাদিকের এরূপ প্রচেষ্টা হলো–

i) জ্ঞানের জিহাদ
ii) লেখনীর জিহাদ
iii) অস্ত্রের জিহাদ

**নিচের কোনটি সঠিক?**

ক) i খ) ii
গ) i ও ii ঘ) i, ii ও iii

৩। এরূপ প্রচেষ্টার মাধ্যমে উক্ত সাংবাদিক পালন করেছেন–

ক) ফরজ খ) ওয়াজিব
গ) সুন্নত ঘ) নফল

৪। 'নাহি আনিল মুনকার' প্রতিষ্ঠা করার জন্য কোনগুলোর প্রয়োজনীয়তা সর্বাধিক?

ক) সম্মান, ক্ষমতা ও ক্ষমা খ) হাত, মুখ ও অন্তর
গ) অর্থ, খ্যাতি ও উদারতা ঘ) আকিদা, ইলম

৫। হযরত দাউদ (আঃ) পেশায় কী ছিলেন?

ক) কামার খ) কৃষক
গ) রাখাল ঘ) মিস্ত্রী

৬। আল 'মাজিদ' শব্দের অর্থ কী?

ক) নিরাময় খ) সম্মানিত
গ) সদুপদেশ ঘ) উপদেশ

৭। মুনকার ও নাকির ফেরেশতাদ্বয় কবরে কাদেরকে প্রশ্ন করবেন?

ক) সকল মানুষ খ) মুত্তাকিগণ
গ) ইমানদারগণ ঘ) পাপীগণ

৮। রমযান মাসে তারাবীহের নামায ২০ রাকাত হওয়ার তথ্যসূত্র কী?

ক) কুরআন খ) হাদিস
গ) ইজমা ঘ) কিয়াস

৯। اَلْقَمَرُ শব্দের অর্থ কী?

ক) সূর্য খ) চন্দ্র
গ) জ্যোতি ঘ) নক্ষত্র

১০। "জিন ও মানব জাতিকে আমি আমার ইবাদতের জন্যই সৃষ্টি করেছি" আতায়াত খানা পবিত্র কুরআনের কোন সূরা থেকে নেওয়া হয়েছে?

ক) আযযারিয়াত খ) আল হাশর
গ) আন-জুমুআ ঘ) আল বায়্যিনাহ্

১১। হাদিসের মূল বক্তব্যকে কী বলে?

ক) রাবি খ) মাতন
গ) সনদ ঘ) মারফু

১২। হারবুল ফিজার অর্থ কী?

ক) অবৈধ যুদ্ধ খ) অসম যুদ্ধ
গ) অন্যায় যুদ্ধ ঘ) ফিজারের যুদ্ধ

১৩। বায়তুল মাল কী?

ক) সুন্দর ঘর খ) মাল গুদাম
গ) টাকশাল ঘ) রাষ্ট্রীয় কোষাগার

১৪। আধুনিক জ্ঞান-বিজ্ঞান ঋনি–

i) গ্রিকদের কাছে
ii) মুসলমানদের কাছে
iii) ইংরেজদের কাছে

**নিচের কোনটি সঠিক?**

ক) i খ) ii
গ) iii ঘ) ii ও iii

১৫। 'আলিউ' শব্দের অর্থ কী?

ক) সর্বশ্রোতা খ) মহান
গ) সর্বশ্রেষ্ঠ ঘ) সর্বশক্তিমান

১৬। কোন সূরায় শরীয়াতের বিধি-বিধানের বর্ণনা রয়েছে?

ক) মাক্কী খ) মাদানী
গ) হিজাফি ঘ) ইরাকী

১৭। 'শান' শব্দের অর্থ কী?

ক) অবতরণ খ) অপসারণ
গ) সমাধান ঘ) কারণ

Teachingbd.com

http://teachingbd.com

১৮। 'সাওম ঢাল স্বরূপ' হাদিসটি কোন গ্রন্থের?

ক বুখারি-মুসলিম　খ বায়হাকি
গ বুখারী　ঘ মুসলিম

১৯। মিথ্যাচারকে আরবীতে কী বলে?

ক সাদিক　খ সিদ্দিক
গ কিযব　ঘ কাযযাব

২০। ইতিহাস শাস্ত্রে অবিস্মরণীয় অবদান রেখেছেন কে?

ক ইবনে জাবির তাবারী　খ ইমাম বুখারী
গ ইমাম গাযযালী　ঘ মাসউদি

২১। রমিজ মিয়া মদপান করাকে হালাল মনে করেন। তার এ কাজ কীসের অন্তর্ভুক্ত?

ক শিরক　খ নিফাক
গ কুফর　ঘ গীবত

২২। যুলফিকার কী?

ক একটি যুদ্ধের নাম　খ একটি নদির নাম
গ একটি দুর্গের নাম　ঘ একটি তরবারির নাম

২৩। হাদিসের রাবি পরম্পরাকে কী বলা হয়?

ক সনদ　খ কুদসি
গ তিলাওয়াত　ঘ মাতন

২৪। কার জন্য ফেরেশতাগণ দুআ করেন?

ক যে বৃক্ষ রোপন করে　খ যে বড়দের সম্মান করে
গ যে দান করে　ঘ যে নফল রোযা রাখে

২৫। জিহাদ কত প্রকার?

ক ২ প্রকার　খ ৩ প্রকার
গ ৫ প্রকার　ঘ ৬ প্রকার

২৬। হযরত হালিমা (রাঃ) আগমন করলে মহানবী (সঃ)—

i) তাকে দেখে দাড়িয়ে গেলেন
ii) নিজ চাদর বিছিয়ে তাকে বসতে দিলেন
iii) তার পায়ে চুমু খেলেন

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii　খ ii ও iii
গ i ও iii　ঘ i, ii ও iii

২৭। পরিচ্ছন্নতার আরবী প্রতিশব্দ কী?

ক নাজাসাত　খ নাজাফাত
গ তাহারাত　ঘ নাসাজাত

২৮। "আল আসরুল বাকিয়াহ আনিল কুরুনিল খালিয়াহ" গ্রন্থখানি কার?

ক আল বিরুনী　খ ইমাম গাযযালি
গ জুনজুন মিসরী　ঘ আল ফিন্দি

২৯। এরিষ্টটলের ধর্মতত্ত্ব আরবীতে অনুবাদ করেন কে?

ক জাবির ইবনে হাইয়্যান　খ ইবনে রুশদ
গ আল ফিন্দি　ঘ ইবনে সিনা

৩০। 'জীবনের প্রতিটি মুহূর্ত অত্যন্ত মূল্যবান' এটি কোন সূরার শিক্ষা—

ক আশ-শামস　খ আদ দুহা
গ আল-ইনশিরাহ　ঘ আল মাউন

৩১। 'কিতাবল মানসুরি' কতখন্ডে বিভক্ত?

ক ৭ খন্ডে　খ ৯ খন্ডে
গ ৮ খন্ডে　ঘ ১০ খন্ডে

৩২। শান্তির পথে চলা এর আরবী কী?

ক ইমান　খ ইসলাম
গ আকাইদ　ঘ দ্বীন

৩৩। 'আল-কানুন ফিত তিব্বি' গ্রন্থটির রচয়িতা—

ক ইবনে সিনা　খ মুসা খারিজমী
গ হাইসাম　ঘ তাবারী

**উদ্দীপকটি পড়ে ৩৪ ও ৩৫ নং প্রশ্নের উত্তর দাও:**

জনাব রুম্মান সারা জীবন ইসলামের অনুসারী হয়ে তাকওয়াপূর্ণ জীবন-যাপন করেছেন। মৃত্যুকালে ও তিনি আল্লাহর রহমতের সাথে মৃত্যু বরণ করেছেন।

৩৪। মৃত্যুর মাধ্যমে জনাব রুম্মান প্রবেশ করেছেন—

ক পরকালের প্রবেশদ্বারে　খ মাটির তৈরি ছোট ঘরে
গ মৃত্যুহীন স্থায়ী জীবনে　ঘ আযাবের স্থানে

৩৫। আল্লাহর রহমতে মৃত্যুর ফলে রুম্মান—

i) কবরে সঠিক উত্তরে সামর্থ হবেন
ii) শান্তিময় জীবন লাভ করবেন
iii) ইসলামের জীবন অনুসরণ করবেন

**নিচের কোনটি সঠিক?**

ক i ও ii　খ i ও iii　গ ii ও iii　ঘ i, ii ও iii

৩৬। আল্লাহ তায়ালা কোন সূরায় শরীয়তের পূর্ণতার ঘোষণা দিয়েছেন?

ক সূরা ইবরাহীম　খ সূরা মায়িদা
গ সূরা হাকার　ঘ সূরা মূলক

৩৭। আখিরাতের সর্বশেষ স্তর কোনটি?

ক মৃত্যু　খ বরযখ　গ জান্নাত　ঘ জাহান্নাম

৩৮। মুনাফিকের দ্বিতীয় চিহ্ন কী?

ক খিয়ানত করা　খ ওয়াদা ভঙ্গ করা
গ মিথ্যা বলা　ঘ সত্য বলা

৩৯। আকাইদের অন্তর্ভুক্ত বিষয় নয় কোনটি?

ক পরকাল　খ তাকদির
গ রিসালাতে বিশ্বাস　ঘ নামায

৪০। আখিরাদের স্তর কয়টি?

ক ৩ টি　খ ৭ টি
গ ৪ টি　ঘ ৯ টি

Teachingbd.com